

ভিকারুননিসায় ফের ৩৬ ছাত্রীর ভর্তিতে অনিয়মের অভিযোগ

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ৩০ মার্চ ২০২৪, ২২:০৭



ছবি: সংগৃহীত

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণিতে ৩৬ ছাত্রীর ভর্তিতে অনিয়মের অভিযোগ উঠেছে। আর এ অভিযোগ করেছেন সাময়িক বরখাস্ত শিক্ষক শাহ আলম খান।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শনিবার (৩০ মার্চ) রাতে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কেকা রায় চৌধুরী বলেন, 'প্রথম শ্রেণির ৩৬ ছাত্রীর ভর্তিতে অনিয়মের অভিযোগ করেছেন বরখাস্ত শিক্ষক শাহ আলম খান। আমরা অভিযোগটি অবশ্যই তদন্ত করে দেখব।'

এর আগে ২০২৪ শিক্ষাবর্ষে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত অবৈধভাবে ছাত্রী ভর্তি করা হয় ১৬৯ জন। এ ঘটনা ফাঁস হওয়ার পর গত ৫ জানুয়ারি মূল ক্যাম্পাসের দিবা শাখার (বাংলা ভাষান) প্রধান শাহ আলম খানকে বরখাস্ত করা হয়।

ইত্তেফাক/ডিডি